দৈনিক জনকণ্ঠ

তারিখ 20 APR 2018 পৃষ্ঠা 2 কলাম ৬

# রাজধানীতে প্রশ্ন ফাঁস চক্রের চার সদস্য গ্রেফতার

স্টাফ রিপোর্টার ॥ রাজধানীর যাত্রাবাড়িতে এইচএসসি পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস চক্রের চার সদস্যকে গ্রেফতার করেছে র‍্যাব। গ্রেফতারকৃতরা হচ্ছে- মোঃ শাওন (১৮), মোঃ রাকিব ঢালী (১৮), মৃদুল বণিক (১৯) ও মোঃ জাবির হোসেন (১৯)।

র‍্যাব-১০-এর কোম্পানি কমান্ডার জানান, র‍্যাবের সাইবার প্রযুক্তির সহায়তায় বৃহস্পতিবার ভোরের দিকে র‍্যাব-১০-এর অতিরিক্ত পুলিশ সুপার মুহম্মদ মহিউদ্দিন ফারুকীর নেতৃত্বে একটি টিম রাজধানীর যাত্রাবাড়ী ধলপুর সূতী খালপাড় জোড়া খাম্বার খালেকুজ্জামান গলির ৮৯/১৩ নম্বর জসিম ভিলা ভবনের তৃতীয় তলা পূর্বপাশের ফ্ল্যাট থেকে প্রশ্নফাঁস চক্রের ওই চারজনকে গ্রেফতার করে। কোম্পানি কমান্ডার জানান, গ্রেফতারকৃতরা ফেসবুক ও হোয়াটসএ্যাপস এর মাধ্যমে প্রথম প্রশ্নফাঁস চক্রের সঙ্গে যোগাযোগ করে। এরপর বিভিন্ন সোশ্যাল মিডিয়ার মাধ্যমে অন্যান্য গ্রুপের সঙ্গে যুক্ত হয়। ঐ সমস্ত গ্রুপের এ্যাডমিনদের সঙ্গে সখ্যতা তৈরি করে তাদের কাছ থেকে এসএসসি/এইচএসসি প্রশ্নপত্র সংগ্রহপূর্বক পরীক্ষায় অংশ নেয়া শিক্ষার্থীদের কাছ থেকে বিকাশের মাধ্যমে অর্থ গ্রহণ করে বিভিন্ন এ্যাপস-এর মাধ্যমে ভুয়া এসএসসি/এইচএসসি পরীক্ষার প্রশ্নপত্র সরবরাহের কাজে জড়িয়ে পড়ে।